

Hooghly Mohsin College  
Notice

নং. ১৭৬/২০২৪

বিশেষ বিজ্ঞপ্তি

তার. ২৫ জুলাই, ২০২৪

সকলের অবগতির জন্য জানাই যে, আগামী ১ লা আগস্ট, ২০২৪, বৃহস্পতিবার, কিংবদন্তীপ্রতিম ব্যক্তিত্ব হাজি মহম্মদ মহসিনের ২৯৩-তম জন্মবার্ষিকী ও হুগলি মহসিন কলেজের ১৮৭-তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে প্রথা অনুযায়ী কলেজের পক্ষ থেকে শ্রদ্ধাজ্ঞাপন, বার্ষিক পুরস্কার বিতরণীসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে আমন্ত্রিত হয়েছেন মাননীয় জেলাশাসক শ্রীমতি মুক্তা আর্ষ। এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকতে সম্মত হয়েছেন চুঁচুড়া বিধানসভা কেন্দ্রের মাননীয় বিধায়ক শ্রী অসিত মজুমদার এবং হুগলি- চুঁচুড়া পৌরসভার পূর্বতন পুরপতি মাননীয় শ্রী গৌরীকান্ত মুখোপাধ্যায়।

কলেজের প্রত্যেক ছাত্র-ছাত্রী, অধ্যাপক, শিক্ষা-সহায়ক বন্ধু, প্রাক্তনী সংসদের সভ্য ও কলেজ পরিচালন সমিতির মাননীয় সদস্যদের ঐদিন (০১/০৮/২০২৪) সকাল ৮টায় উপস্থিত থাকার জন্য আন্তরিক অনুরোধ জানাই।

ধন্যবাদ সহ-

স্বাক্ষরিত  
অধ্যক্ষ

হুগলি মহসিন কলেজ

Principal  
Hooghly Mohsin College

আমীর হুসাইন বসু

অধ্যক্ষ

আহ্বায়ক

কলেজ প্রতিষ্ঠা দিবস উদযাপন সমিতি

## প্রাতঃকালীন সভা

স্থান : কলেজ প্রাঙ্গণ

- ৮.০০ : কলেজ প্রাঙ্গণে মনীষীদের মূর্তিতে মাল্যদান।  
৮.১৫: সভাপতি হিসেবে অধ্যক্ষের নাম ঘোষণা ও সমর্থন এবং সভাপতি কর্তৃক পতাকা উত্তোলন।  
৮.২০: সঙ্গীত : অধ্যাপক জয়ন্ত মজুমদার।  
৮.২৫: সভাপতির ভাষণ ।  
৮.৩০: প্রাক্তনী সংসদের সম্পাদকের ভাষণ ।  
৮.৩৫: ছাত্র প্রতিনিধির ভাষণ ।  
৮.৪০- - ৯.৩০: হাজি মহম্মদ মহসিনের সমাধিক্ষেত্রের উদ্দেশ্যে যাত্রা এবং সেখানে শ্রদ্ধাজ্ঞাপন।

## দিবাকালীন অনুষ্ঠান

অনুষ্ঠানস্থল: ফিজিক্স লেকচার হল - ১

১১.৩০: পুরস্কার প্রাপকদের নাম নথিভুক্তিকরণ ।

১২.০০: উদ্বোধনী সঙ্গীত: পরিবেশনায় কলেজের ছাত্র ছাত্রী।

১২.১০: অধ্যক্ষের অভিভাষণ।

১২.১৫: অতিথি বরণ।

১২.২০: প্রধান এবং বিশেষ অতিথির ভাষণ

১২. ৪০: প্রতিষ্ঠা দিবস কেন্দ্রিক স্মারক বক্তৃতা : অধ্যাপক অরিজিৎ গোস্বামী।

১.০০ : পুরস্কার প্রদানের সূচনায় বিভিন্ন স্মারক পুরস্কার বিষয়ে সংক্ষিপ্ত আলোকপাত:  
অধ্যাপক দীপন অধিকারী।

১.১৫-- ২.১৫: পুরস্কার বিতরণী অনুষ্ঠান।

সম্পূর্ণ অনুষ্ঠানটি সঞ্চালনার দায়িত্বে থাকবেন অধ্যাপক অনন্য ভট্টাচার্য এবং অধ্যাপক অয়নিকা চ্যাটার্জী।